




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
আইসিটি শাখা



তুলা উন্নয়ন বোর্ড-এর মাঠ পর্যায়ের ২০২২-২৩ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও উদ্ভাবনী উদ্যোগসমূহ চালু রাখা বিষয়ে অনলাইন সভার কার্যবিবরণী

সভাপতি	শেফালী রাণী মজুমদার অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব)
সভার তারিখ	১৯/০৯/২০২৩খ্রি:
সভার সময়	দুপুর ০২.০০ ঘটিকা
স্থান	জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট - ক

সভাপতি সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত অর্থবছর সমূহে তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক বাস্তবায়নহীন উদ্ভাবনী উদ্যোগ/ সহজিকৃত সেবা/ ডিজিটাইজড সেবা সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করার জন্য মোঃ মনজুরুল হুদা, তুলা উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।

২। মোঃ মনজুরুল হুদা, তুলা উন্নয়ন কর্মকর্তা, সকলকে ধন্যবাদ জানিয়ে বিষয়বস্তুর আলোকে আলোচনা শুরু করেন। আলোচনার শুরুতে তিনি জানান যে, গত ২০২২-২৩ অর্থবছরে তুলা উন্নয়ন বোর্ডের ১২টি জোন ও ৫টি গবেষণা খামারে ৫টি উদ্ভাবনী উদ্যোগ পুনরায় পাইলটিং/রেপ্লিকেশন করার জন্য বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে জোনাল কার্যালয় ও গবেষণা খামার/কেন্দ্রসমূহের প্রধানগণের নিকট বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে তারা জানান যে, সব গুলো উদ্ভাবনী ধারণা বরাদ্দ ও নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু সকল উদ্ভাবনী উদ্যোগ গুলো কৃষক পর্যায়ে জনপ্রিয় হচ্ছে না। বিশেষ করে “তুলা চাষে সাশ্রয়ী স্প্রে মেশিন” ও “কম্বাইন্ড পাওয়ার স্প্রেয়ার কাম কটন হার্ভেস্টার” উদ্ভাবন ২টির জনপ্রিয়তা কম। মোডিফিকেশন করে যন্ত্র ২টির পরিবর্তন করতে পারলে চাষী/কৃষক পর্যায়ে জনপ্রিয় করা সম্ভব হবে।

৩। যশোর অঞ্চলিক কার্যালয়ের উপপরিচালক জনাব কামরুল হাসান জানান যে, “কম্বাইন্ড পাওয়ার স্প্রেয়ার কাম কটন হার্ভেস্টার” টি জনপ্রিয় করার জন্য কিছু মোডিফিকেশন দরকার এবং বর্তমান বাজারে যন্ত্রটি তৈরির জন্য অধিক বরাদ্দের প্রয়োজন। “তুলা চাষে সাশ্রয়ী স্প্রে মেশিন” টি তুলা গাছ ছোট অবস্থায় অধিক উপযোগী তবে ভিজা মাটিতে তেমন উপযোগী নয়। এই বিষয়ে আরো মোডিফিকেশন হলে স্প্রে মেশিনটি ব্যবহার আরো সহজ হবে।

৪। সভার সভাপতি ড. শেফালী রানী মজুমদার অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড বলেন যে, কম্বাইন্ড পাওয়ার স্প্রেয়ার কাম কটন হার্ভেস্টারের মোডিফিকেশনের জন্য যশোর অঞ্চলের উপপরিচালক তাঁর আওতাধীন প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাদের সহিত আলোচনা করে প্রয়োজনীয় মোডিফিকেশন করবেন। সাশ্রয়ী স্প্রে মেশিনের মোডিফিকেশনের জন্য কটন এগ্রোনমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পরবর্তীতে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত-১: উপপরিচালক, যশোর অঞ্চল “কম্বাইন্ড পাওয়ার স্প্রেয়ার কাম কটন হার্ভেস্টার” এর মোডিফিকেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত-২: সাশ্রয়ী স্প্রে মেশিনের মোডিফিকেশনের জন্য কটন এগ্রোনমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত-৩: আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ-এর মধ্যে মাঠ পর্যায়ের সকল কার্যালয় নতুন উদ্ভাবনী ধারণা সদর দপ্তরে দাখিল করবে।

সিদ্ধান্ত-৪: আইসিটি শাখা হতে বিগত অর্থবছর সমূহের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের নিমিত্ত অর্থের চাহিদা প্রেরণের জন্য পত্র প্রেরণ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

শেফালী রাণী মজুমদার
অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা)
(চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৭.৩২.০০১.১৪.১০৮

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), তুলা উন্নয়ন বোর্ড
- ২) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, ঢাকা/রংপুর/চট্টগ্রাম/যশোর
- ৪) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা,
ঢাকা/রাজশাহী/বগুড়া/খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।/রংপুরন/যশোর/চুয়াডাঙ্গা/ঝিনাইদহ/কুষ্টিয়া/ঠাকুরগাঁও।/ময়মনসিংহ
- ৫) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)
- ৬) ড. মো: গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, তুলা উন্নয়ন বোর্ড
- ৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৮) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৯) সিনিয়র জিনিং অফিসার, প্রশিক্ষণ শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ১০) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

মো: মনজুরুল হুদা
তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)